দৈনিক ইত্তেফাক

16 JUL 1992

তারিখ 16 JUL 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

# মাদ্রাসা ছাত্রদের ১০ দফা মানিয়া লওয়ার আহ্বান

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ আয়োজিত মহাসমাবেশে জামায়াতের সেক্রেটারী জেনারেল ও সংসদীয় দলের নেতা মওলানা মতিউর রহমান নিজামী

(১১শ পৃ: ৩-এর ক: দ্রঃ)

## মাদ্রাসা ছাত্রদের

(১ম পৃ: পর)

মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের ১০ দফা দাবীকে দেশের ১২ কোটি মানুষের প্রাণের দাবী হিসাবে আখ্যায়িত করিয়া অবিলম্বে তাহা মানিয়া নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। ঢাকা আলীয়া মাদ্রাসার প্রাক্তন অধ্যক্ষ মাওলানা ইয়াকুব শরীফের সভাপতিত্বে ইঞ্জিনিয়ার্স প্রাঙ্গণে অনুষ্ঠিত গতকালের (বুধবার) মহাসমাবেশে মাওলানা নিজামী আরও বলেন, যাহারা বিসমিল্লাহ'র কথা বলিয়া ক্ষমতায় বসিয়াছেন তাহাদেরই মাদ্রাসার দাবী বাস্তবায়ন করা উচিত ছিল। বাজেটেও মাদ্রাসা শিক্ষার প্রতি চরম অবজ্ঞা প্রদর্শন করা হইয়াছে। প্রাসাদ ষড়যন্ত্রের কারণে ইসলামী বিশ্ববিদ্যালয়টি আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয়ে উন্নীত হইতে পারিতেছে না। মাওলানা সাইয়েদ কামালউদ্দিন জফর বলেন, মাদ্রাসার ছাত্ররা আদর্শবান। সেখানে সন্ত্রাস নাই। অথচ মাদ্রাসা শিক্ষাই আজ সবচেয়ে অবহেলিত। মাদ্রাসা ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় আহ্বায়ক আবু সাইদ মু: মাহফুজ বলেন, ফাজিল ডিগ্রী প্রাপ্তদের বিসিএস, পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইতেছে না। শতকরা ৯০ ভাগ মুসলিম অধ্যুষিত এ দেশে ৩৯ হাজার সরকারী স্কুল। সরকারী মাদ্রাসা মাত্র ৩টি। সমাবেশে মাওলানা তোফায়েল আহমদ, জয়নুল আবেদীন, শিবির সভাপতি আবু জাফর মুহম্মদ ওবায়েদুল্লাহ, শেখ লোকমান হোসেন, মমতাজ উদ্দীন আহমদ, আবুল কালাম আজাদ প্রমুখ বক্তব্য রাখেন।

—প্রেস বিজ্ঞপ্তি।

08